**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**১) উত্তরপূর্বাঞ্চল পরিষদ, এন ই সির ৭২ তম প্লেনারি অধিবেশন আজ থেকে আগরতলায় শুরু হয়েছে।**

**২) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ শিলিগুড়ি থেকে ভার্চুয়ালভাবে আগরতলা স্থল বন্দরে সীমান্ত নিরাপত্তা কর্মীদের জন্য আবাসিক কমপ্লেক্সের উদ্বোধন করেন ।**

**৩) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করছে ।**

**৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আগামী ২২শে ডিসেম্বর আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন অনুষ্ঠিত হবে ।**

*********************************************

**NEC Meeting :**

উত্তরপূর্বাঞ্চল পরিষদ, এন ই সির ৭২ তম প্লেনারি অধিবেশন আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। দুদিনব্যাপী বৈঠকের প্রথম দিনে আজ প্রাক-পূর্ণাঙ্গ অধিবেশন হচ্ছে। এতে বিষয়ভিত্তিক এবং প্রযুক্তিগত বিষয়ে, কেন্দ্রীয় মন্ত্রকগুলি তাদের উন্নয়ন পদ্ধতি এবং নির্দেশিকা উপস্থাপন করবে যা উত্তর-পূর্বের জন্য আগামী দিনের অগ্রগতি নির্দেশ করবে। অধিবেশনে উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক বা ডোনার প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে উত্তর-পূর্বের রাজ্যগুলিতে গত কয়েক

বছর ধরে উন্নয়ন ও এবং বিনিয়োগ ক্ষেত্রে উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। শ্রী মজুমদার বলেন যে ভারতের উত্তর-পূর্বাঞ্চল কেবল আমাদের দেশের একটি ভৌগোলিকভাবে গুরুত্বপূর্ণ অংশ নয়, এটি দেশের বৈচিত্র্য সংস্কৃতি এবং কৌশলগত গুরুত্বের প্রতীক।

অধিবেশনে এই অঞ্চলের আরও উন্নয়নের জন্য বিভিন্ন মন্ত্রকের দ্বারা উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করা হবে। বিভিন্ন মন্ত্রকের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন রাজ্যের মুখ্য সচিবরাও আলোচনায় অংশ নিয়েছেন।

আগামীকাল আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হবে এন ই সির প্লেনারি কমিটির পূর্ণাঙ্গ অধিবেশন। অধিবেশনে পৌরহিত্য করবেন পরিষদের চেয়ারম্যান তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আজ আগরতলা পৌঁছেছেন। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ডোনার প্রতিমন্ত্রী ড: সুকান্ত মজুমদার, সাংসদ বিপ্লব কুমার দেব ও কৃতি দেবী দেব্বর্মা, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য প্রমুখ। ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও আগামীকালের অধিবেশনে উপস্থিত থাকবেন। বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালগণ উপস্থিত থাকবেন। উল্লেখ্য এই নিয়ে দ্বিতীয়বার আগরতলায় এন.ই.সি-র প্লেনারি অধিবেশনের আয়োজন করা হয়েছে।

এদিকে দু'দিনব্যাপী এই বৈঠককে কেন্দ্র করে আগরতলায় পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গতকাল থেকেই নিরাপত্তা কর্মীদের শহরের বিভিন্ন স্থানে মোতায়েন করা হয়েছে। এছাড়া বিএসএফকে সীমান্তে নিশ্চিদ্র নিরাপত্তা ব্যবস্থা করার ও নির্দেশ দেয়া ঠিক হয়েছে। এদিকে, এন.ই.সি অধিবেশনের অবসরে স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ ব্যাংকার্স কনক্লেভ এবং নর্থ ইস্ট স্পেস এপ্লিকেশন সেন্টার-এর বৈঠকে যোগ দেবেন।

*******************************

**Virtual Inauguration of BGF Accommodation :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ শিলিগুড়ি থেকে ভার্চুয়ালভাবে আগরতলা স্থল বন্দরে সীমান্ত নিরাপত্তা কর্মীদের জন্য আবাসিক কমপ্লেক্সের উদ্বোধন করেন। এই উপলক্ষে আজ আগরতলা স্থল বন্দর চত্ত্বরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সশস্ত্র সীমা বল বা এসএসবি’র ৬১তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে শিলিগুড়িতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, ভারতীয় আধা-সামরিক বাহিনীর অন্তর্গত সশস্ত্র সীমা বল বা এসএসবি বিগত ৬ দশক ধরে সীমান্ত এলাকায় তাদের দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালন করে রাষ্ট্রের সেবা করে আসছেন। ১৯৬৩ সালে এসএসবি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে প্রথমে সীমান্ত এলাকার গ্রামগুলিতে নিজেদের কাজের দক্ষতা প্রমাণ দিয়েছেন। পাশাপাশি নেপাল এবং ভুটান সীমান্তের ২৪৫০ কিলোমিটার সীমান্ত এলাকার নিরাপত্তা রক্ষার কাজ দায়িত্বের সঙ্গে পালন করছেন।

সীমান্ত অপরাধ, পাচার বানিজ্য, মানব পাচার সহ বিভিন্ন অপরাধ মূলক কাজকর্ম তারা যেভাবে শক্ত হাতে মোকাবেলা করছেন তাতে এদেশের নাগরিক নিশ্চিন্তে থাকতে পারেন আর এর জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এসএসবি জওয়ানদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন উত্তর পূর্বাঞ্চল সহ দেশের বিভিন্ন অংশে নকশাল দমনে এস.এস.বি’র গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে। আজ ভার্চুয়ালভাবে বিভিন্ন রাজ্যে ৮ টি আবাসন প্রকল্পের উদ্বোধন করেন স্বরাষ্ট্রমন্ত্রী। এর জন্য প্রায় ২০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে। আগরতলা স্থল বন্দরে নির্মিত সীমান্ত নিরাপত্তা কর্মীদের আবাসিক কমপ্লেক্স ২৫ কোটি টাকা ব্যয়ে ২ একর জমিতে গড়ে তোলা হয়েছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার প্রজেক্ট ডিরেক্টর কর্নেল জি এস সান্ধু, বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি এ কে শর্মা, আগরতলা স্থলবন্দর এর

ম্যানেজার দেবাশীস নন্দী, বিএসএফের ডিআইজি ভি এস কাসানা, ফরেস্ট অফিসার ইনচার্জ রাজু চক্রবর্তী, আগরতলা পুর নিগমের কর্পোরেটর তুষার চক্রবর্তী, সিনিয়র ইমিগ্রেশন অফিসার লিনা প্রসাদ প্রমুখ।

****************************

**Ratanlal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন রাজ্য সরকার কৃষকদের আয় দ্বিগুণ করা এবং কৃষকদের আর্থ সামাজিক দিক দিয়ে স্বয়ং সম্পূর্ণ করার লক্ষ্যে প্রতিনিয়ত কাজ করছে। মন্ত্রী শ্রী নাথ আজ মাতাবাড়ি ব্লকের গর্জি কৃষি সেক্টর অফিসের নবনির্মিত ভবনের উদ্বোধন করে একথা বলেন।

অনুষ্ঠানে গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ার পার্সন শিল্পী দাস প্রমুখ উপস্থিত ছিলেন। মন্ত্রী এলাকার সুবিধাভোগী কৃষকদের হাতে পাওয়ার টিলার সহ বিভিন্ন কৃষি যন্ত্রপাতি তুলে দেন।

এর আগে কৃষিমন্ত্রী টেপানিয়া ব্লকের টেপানিয়া কৃষি ও কৃষক কল্যাণ বিভাগের উদ্যোগে ১ কোটি ৭৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত আইটি সুবিধা কৃষি উন্নয়ন গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করেন। তিনি আজ মহারানী বাজারে প্রায় ২ কোটি টাকা ব্যয়ে নির্মিত প্রাথমিক গ্রামীণ বাজার শেডের দ্বারোদ্ঘাটন করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং

নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Cooparative Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আগামী ২২শে ডিসেম্বর আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন অনুষ্ঠিত হবে। আজ মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া এই সংবাদ জানান। তিনি বলেন, জাতিসংঘের পক্ষ থেকে ২০২৫ সালকে আন্তর্জাতিক সমবায় বর্ষ হিসাবে ঘোষণা করা হয়েছে। আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমবায় সম্মেলন উপলক্ষে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সমবায় মন্ত্রী জানান, সম্মেলনের মুখ্য অতিথি কেন্দ্রীয় সমবায় মন্ত্রী ন্যাশনাল কো-অপাটেটিভ কনজিউমার্স ফেডারেশন লিমিটেড, NCCF -প্রদত্ত ভারত ব্র্যান্ডের মোবাইল ভ্যান এবং NABARD প্রদত্ত রুরাল মার্টের জন্য মোবাইল ভ্যানের উদ্বোধন করবেন। তাছাড়া সম্মেলনে ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংকের পক্ষ থেকে ৫০টি প্রাথমিক সমবায় সমিতিকে মাইক্রো এটিএম বিতরন করা হবে।

ত্রিপুরা ষ্টেট কো-অপাটেটিভ কনজিউমার্স ফেডারেশন লিমিটেডের দ্বারা উদয়পুরের ছনবনে নির্মিত পেট্রোল পাম্পের উদ্বোধন করা হবে ভার্চুয়াল ভাবে। ধলাইজেলার হাদুকলকে ব্রু পুনর্বাসন এলাকায় কতা ব্রু বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সঙ্গে কনজিউমার ষ্টোরের উদ্বোধন করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

সাংবাদিক সম্মেলনে সমবায় সচিব তাপস রায়, সমবায় নিয়ামক দশরথ রিয়াং উপস্থিত ছিলেন।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

***************************

**Prashasan Gaon Ki Ore :**

সারা দেশের সঙ্গে ঊনকোটি জেলাতেও গতকাল থেকে প্রশাসন গাঁও কি ওর অভিযান শুরু হয়েছে। ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ জানিয়েছেন, জেলার অন্তর্গত পেঁচারথল ব্লকের অধীন আন্ধারছড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয় প্রাঙ্গণে গতকাল বিশেষ প্রশাসনিক ও স্বাস্থ্যশিবির অনুষ্ঠিত হয়। তিনি বলেন, ৭ দিনের প্রচার অভিযানে জনগণের কাছে পৌঁছে গিয়ে তাদের বিভিন্ন অভাব অভিযোগ শোনা হবে। বিভিন্ন পোর্টালের মাধ্যমে তাদের অভিযোগ জানাতে পারেন। তিনি বলেন, দ্রুত সেগুলি নিষ্পত্তির চেষ্টা করা হবে।

##########Byte##########

*******************************

**PM JANMAN :**

পিএম জনমন প্রকল্পে আজ কলসীমুখ এডিসি ভিলেজের পিতরাই পাড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মুহুরীপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডা: সৈকত নাথ ও পিতরাই পাড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরে কর্মরত কমিউনিটি হেলথ অফিসার মানিয়েল রিয়াং সহ অনান্য স্বাস্‌হ্য ও আশা কর্মীরা রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদান করেন। শিবিরে ৩৩ জন রোগীকে চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়। ৩০ বছরের বেশি রোগীদের রক্তচাপ, রক্তের শর্করা ও ম্যালেরিয়া চিহ্নিত করার জন্য রক্ত পরীক্ষা করা হয়।

******************************

**DG Assam Rifles :**

ত্রিপুরার এনসিসির ১৩ ব্যাটেলিয়ান এর উদ্যোগে আয়োজিত 'এক ভারত শ্রেষ্ঠ ভারত 'শীর্ষক এনসিসি শিবিরে আজ পঞ্চম দিনে আজ আসাম রাইফেলসের মহানির্দেশক লেফটেন্যান্ট জেনারেল বিকাশ লেখেরা এনসিসি ক্যাডারদের সঙ্গে মতবিনিময় করেন। পরে সংক্ষিপ্ত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দেশের জাতীয় সংহতিকে শক্তিশালী করে তুলতে এনসিসি ক্যাডেটদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিশ্বের মধ্যে সবচেয়ে বড় সংগঠন এনসিসি। এনসিসি এমন একটা মাধ্যম যা যুবশক্তিকে একত্রিত করে শুভ শক্তির বিকাশ ঘটায়। তিনি ছাত্র-ছাত্রীদের এই ধরনের সংগঠনের সঙ্গে যুক্ত হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানের স্বাগত ভাষণে এনসিসির উত্তর পূর্বাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত গ্‌রুপ কমান্ডার ব্রিগেডিয়ার কপিল সুদ বলেন এই ধরনের শিবির মূলতঃ দেশের ঐক্য, সংহতি, কৃষ্টি ও সংস্কৃতির মেলবন্ধনকে শক্তিশালী করে। দিল্লি সিকিম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি থেকে ৫০০ জন ছেলেমেয়ে এই শিবিরে অংশগ্রহণ করে। ১২ দিনব্যাপী এই শিবিরের উদ্বোধন করেছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

******************************

**BSF, Neermahal :**

উত্তরপূর্বাঞ্চল পরিষদের বৈঠকের জন্য রাজ্যে আগত প্রতিনিধিদের অনেকেই রাজ্যের অন্যতম পর্যটন কেন্দ্র নীরমহল পরিদর্শন করবেন। এজন্য মেলাঘরের নীরমহল ও রাজঘাট এলাকাকে সাজিয়ে তোলা হয়েছে। তৈরি করা হয়েছে পুলিশ সহায়তা কেন্দ্র। বাড়ানো হয়েছে নিরাপত্তা। অন্যদিকে ভারতীয় সীমান্ত সুরক্ষা বাহিনী বি.এস.এফের ৬০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাজঘাটে সংঘটিত হচ্ছে নানান কার্যক্রম। বিএসএফের কাজকর্ম সম্পর্কে সাধারণ মানুষ ও পর্যটকদের অবগত করতে ৮১ নম্বর বাহিনীর উদ্যোগে রাজঘাট চত্বরে শুরু হয়েছে আলোক চিত্র প্রদর্শনী। রকমারি খাবারের সম্ভার নিয়ে খোলা হয়েছে ফুড স্টল। বিএসএফ ৮১ নম্বর বাহিনীর কমান্ডেন্ট রাকেশ কুমার সিনহা জানিয়েছে আগামী ২৩ তারিখ পর্যন্ত চলবে তাদের এই কার্যক্রম। নীরমহলে বিভিন্ন প্রস্তুতি পর্যবেক্ষণ করছেন সোনামুড়ার মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা সহ প্রশাসনিক আধিকারিকরা।

******************************

**Amrit Bharat Rail :**

কেন্দ্র আজ বলেছে যে দেশে অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে উন্নয়নের জন্য এখনও পর্যন্ত ১৩৩৭টি রেলস্টেশন চিহ্নিত করা হয়েছে। রাজ্যসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন যে এই প্রকল্পের অধীনে দেশের উচ্চাকাঙ্ক্ষী জেলায় ১৫৭টি রেলস্টেশন নির্বাচন করা হয়েছে।

উল্লেখ্য, অমৃত ভারত রেল স্টেশনের মধ্যে ত্রিপুরার ধর্মনগর, কুমারঘাট ও উদয়পুর রেল স্টেশন অন্তর্ভুক্ত রয়েছে।

*****************************

**Sports-Unakoti :**

কেন্দ্রীয় সরকারের সমগ্র শিক্ষা অভিযানে ঊনকোটি জেলা ভিত্তিক ক্রীড়া প্রতিযোগিতা আজ কৈলাশহর কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রানী দেবরায়। বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা অমিত কুমার যাদব। নবম থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত শিক্ষার্থীরা এতে অংশ নেয়। মোট সাতটি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

****************************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে। উদ্বোধনী দিনে দুটি খেলায় এন এস আর সি সি এবং মৌচাক কোচিং সেন্টার জয়লাভ করেছে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে মৌচাক কোচিং সেন্টার ১০ উইকেটে ব্লাডমাউথ ক্লাবকে এবং আম্বেদকর স্কুল মাঠে এন এস আর সি সি ১১০ রানে মডার্ন ক্রিকেট একাডেমিকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৫ ডিগ্রি সেলসিয়াস।

**************************